# বাংলাদেশ কৃষি ব্যাংক
মুখ্য আঞ্চলিক কার্যালয়, রাজবাড়ী।
Email: crmrajbari@krishibank.org.bd

ফোন ঃ ০২-৪৭৮৮০৭৪৬৯


**বিষয়: জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২২-২০২৩ প্রণয়ন ও বাস্তবায়ন সম্পর্কিত আঞ্চলিক নৈতিকতা কমিটির প্রথম ত্রৈমাসিক সভায় গৃহীত সিদ্ধান্ত ।**

জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২২-২০২৩ প্রণয়ন ও বাস্তবায়ন সম্পর্কিত বাংলাদেশ কৃষি ব্যাংক, রাজবাড়ী মুখ্য অঞ্চলের আঞ্চলিক নৈতিকতা কমিটির চতুর্থ ত্রৈমাসিক সভা অদ্য ২২-০৯-২০২২ ইং তারিখ রোজ বৃহস্পতিবার বিকাল ৪.০০ ঘটিকার সময় মুখ্য আঞ্চলিক কার্যালয়ে মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপকের অফিস কক্ষে অনুষ্ঠিত হয় । সকল সদস্যের উপস্থিতিতে সভায় সভাপতিত্ব করেন জনাব মোশারফ হোসেন, মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক, মুখ্য আঞ্চলিক কার্যালয়, রাজবাড়ী ।

জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২২-২০২৩ প্রণয়ন ও বাস্তবায়ন সম্পর্কিত সভায় আলোচনা শেষে নিম্নোক্ত বিষয়/কর্ম-পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন সংক্রান্ত আলোচনা ও সিদ্ধান্ত ঃ

<u>বাস্তবায়ন রিপোর্টঃ</u>

ক) বার্ষিক হিসাব সমাপনী জুন/২০২২ইং উপলক্ষ্যে কর্মকর্তা/কর্মচারীদের দায়দায়িত্ব যথাযথভাবে সম্পন্ন করে সময় মত সকল প্রতিবেদন উর্দ্ধতন কার্যালয়ে যথাসময়ে প্রেরন করা হয়েছে;

খ) সকল আন্তঃ হিসাব যেমন ১১৫, ১১৬, ১১১১ ও ১১১৪ খাত সমূহের অনিস্পন্ন এন্ট্রির সংখ্যা ও পরিমান কমিয়ে আনতে হবে। কারন দীর্ঘদিন অনিস্পন্ন থাকলে জালজালিয়াতির সম্ভাবনা থাকে (বাস্তবায়ন জনাব মোছাঃ আয়শা খাতুন, উঃ কর্মকর্তা)। অনেকটাই কমিয়ে আনা হয়েছে;

গ) প্রণোদনা প্যাকেজের লক্ষ্যমাত্রা শতভাগ বিতরণ সম্পন্ন করা হয়েছে (বাস্তবায়নে সকল শাখা ব্যবস্থাপক);

ঘ) রেমিটেন্স সেবা মাস উপলক্ষ্যে গ্রাহক সেবার মান উন্নয়ন নিশ্চিত করতে হবে। যাতে করে রেমিট্যান্স লক্ষ্যমাত্রা অর্জন সম্ভব হয়, বাস্তবায়নে সকল কর্মকর্তা/কর্মচারীবৃন্দ;এবং

ঙ) অংশীজনের অংশগ্রহণে সভা আগামী ২৮/০৯/২২ইং তারিখ বিকাল ৪.০০ ঘটিকায় অত্র মুখ্য আঞ্চলিক কার্যালয়ে অনুষ্ঠিত হবে।

<u>সিদ্ধান্ত সমূহঃ</u>

ক) সকল আন্তঃ হিসাব যেমন ১১৫, ১১৬, ১১১১ ও ১১১৪ খাত সমূহের অনিস্পন্ন এন্ট্রির সংখ্যা ও পরিমান কমিয়ে আনতে হবে। কারন দীর্ঘদিন অনিস্পন্ন থাকলে জালজালিয়াতির সম্ভাবনা থাকে (বাস্তবায়ন জনাব মোছাঃ আয়শা খাতুন, উঃ কর্মকর্তা);

খ) পুরাতন ঋণ আদায় করে ব্যাংকের লোকসান কমিয়ে আনতে হবে;

গ) ঋণ আদায় তরান্বিত করার লক্ষ্যে বিভিন্ন প্রকার নোটিশ ইস্যু নিশ্চিত করতে হবে;

ঘ) নতুন প্রণোদনা প্যাকেজের লক্ষ্যমাত্রা শতভাগ বিতরণ নিশ্চিত করতে হবে (বাস্তবায়নে সকল শাখা ব্যবস্থাপক);এবং

ঙ) প্রতিটি ক্যাম্প ও মহাক্যাম্প উপলক্ষ্যে ঋণ গ্রহীতাদের মোবাইলে ম্যাসেস দিতে হবে, সে লক্ষ্যে উর্দ্ধতন কার্যালয় হতে যে ছকে তথ্য চাওয়া হয় তা সময়মত প্রেরন নিশ্চিত করতে হবে ঋণ আদায়ের স্বার্থে।

| | | | |
|---|---|---|---|
| 22/09/22 | 22/09/22 | 22.09.2022 | 22/09/22 |
| মোছাঃ আয়শা খাতুন | মোঃ আকবর আলী বিশ্বাস | চিরঞ্জিত সরকার | মোঃ হাফিজুর রহমান |
| সদস্য, আঞ্চলিক নৈতিকতা কমিটি ও উঃ কর্মকর্তা | সদস্য, আঞ্চলিক নৈতিকতা কমিটি ও কর্মকর্তা | সদস্য, আঞ্চলিক নৈতিকতা কমিটি ও কর্মকর্তা | সদস্য সচিব, আঞ্চলিক নৈতিকতা কমিটি ও মুখ্য কর্মকর্তা |

22/09/2022
মোশারফ হোসেন
আহবায়ক, আঞ্চলিক নৈতিকতা কমিটি
ও
মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক(দায়িত্বে)

সদয় জ্ঞাতার্থে অনুলিপি প্রেরণ করা হলো ঃ

০১। ষ্টাফ অফিসার, মাননীয় ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। ষ্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-০১ মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। ষ্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর (প্রশাসন), বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। ষ্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, বিভাগীয় কার্যালয়, ফরিদপুর।
০৫। উপ-মহাব্যবস্থাপক, শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০৬। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, ফরিদপুর।
০৭। আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, রাজবাড়ী।
০৮। সকল শাখা ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক, রাজবাড়ী মুখ্য অঞ্চল, রাজবাড়ী।
০৯। অফিস নথি।

বাংলাদেশ কৃষি ব্যাংক
মুখ্য আঞ্চলিক কার্যালয়, রাজবাড়ী।
Email: crmrajbari@krishibank.org.bd
ফোন ঃ ০২-৪৭৮৮০৭৪৬৯

**বিষয়: জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২২-২০২৩ প্রণয়ন ও বাস্তবায়ন সম্পর্কিত অংশীজনের অংশগ্রহণে প্রথম ত্রৈমাসিক কমিটির সভায় মতামত ও গৃহীত সিদ্ধান্ত ।**

জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২২-২০২৩ প্রণয়ন ও বাস্তবায়ন সম্পর্কিত বাংলাদেশ কৃষি ব্যাংক, রাজবাড়ী মুখ্য অঞ্চলের অংশীজনের অংশগ্রহণে প্রথম ত্রৈমাসিক সভা অদ্য ২৯-০৯-২০২২ ইং তারিখ রোজ বৃহস্পতিবার বিকাল ৪.০০ ঘটিকার সময় মুখ্য আঞ্চলিক কার্যালয়ে মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপকের অফিস কক্ষে অনুষ্ঠিত হয় । সকল সদস্য, মুলঘর শাখার ব্যবস্থাপক, একজন মাঠকর্মী ও একজন সম্মানীত গ্রাহকের উপস্থিতিতে সভায় সভাপতিত্ব করেন জনাব মোশারফ হোসেন, মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক (দায়িত্বে), বাংলাদেশ কৃষি ব্যাংক, মুখ্য আঞ্চলিক কার্যালয়, রাজবাড়ী ।

জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২২-২০২৩ প্রণয়ন ও বাস্তবায়ন সম্পর্কিত অংশীজনের অংশগ্রহণে প্রথম ত্রৈমাসিক সভায় আলোচনা শেষে নিম্নোক্ত বিষয়/কর্ম-পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।

**সিদ্ধান্ত বাস্তবায়নঃ**

ক) সামনে বার্ষিক হিসাব সমাপনী তাই আমাদেরকে খুব সতর্কতার সহিত কাজ করতে হবে, যেন সকল হিসাবায়ন সঠিকভাবে শেষ করা যায়। এ বিষয়ে আমরা সফলতার সহিত বার্ষিক হিসাব সমাপনীর কাজ সম্পাদন করতে পেরেছি;

খ) বৈদেশিক রেমিট্যান্স সংগ্রহ মাস চলছে তাই এ বিষয়ে ব্যাপক প্রচারনা চালাতে হবে। যেহেতু বাংলাদেশ কৃষি ব্যাংকের প্রতিটি অঞ্চলের জন্য প্রধান কার্যালয় কর্তৃক পুরস্কারের ব্যবস্থা করেছে তাই আমরা যেন আমাদের মুখ্য অঞ্চলের বার্ষিক লক্ষ্যমাত্রা শতভাগ অর্জন করতে পারি সে বিষয়টি মাথায় রেখে সকলকে নিজ নিজ জায়গা থেকে কাজ করতে হবে;(মোছাঃ আয়শা খাতুন, উর্দ্ধতন কর্মকর্তা)

গ) বিকেবি, শ্রীপুর শাখার সম্মানীত ঋণ গ্রহীতা জনাব মোঃ নৈমদ্দিন মল্লিক বলেন শাখার ঋণ বিতরণের কার্যক্রম ভাল। শাখার সকল কর্মকর্তা গ্রাহকদের দ্রুত সেবা দিচ্ছেন। ঋণ গ্রহীতাদের সাথে ব্যাংক থেকে সব সময় তদারকি করলে ভাল হয়। গ্রাহক সেবা পেতে এখানে কোন সমস্যার সম্মুখীন হতে হয় না। শাখার সার্বিক কার্যক্রম ও পরিবেশ ভাল; এবং

ঘ) অত্র মুখ্য অঞ্চলের ১৩টি শাখার মধ্যে ১৩ টি শাখাই ইতোমধ্যে অর্ধ-বার্ষিক পরিদর্শন সম্পন্ন করা হয়েছে।

**সিদ্ধান্তঃ**

ক) সামনের সকল মহাক্যাম্পে আমরা ঋণ আদায়, বিতরণ ও আমানত সংগ্রহে ভাল অবস্থানে থাকতে পারি সে লক্ষ্যে এখন থেকেই কাজ করতে হবে ;

খ) আন্তঃ হিসাবের সকল এন্ট্রি নির্ভুল ভাবে হিসাবায়ন করতে হবে যেন অসমন্বিত না থাকে এবং অসমন্বিত এন্ট্রির সংখ্যা আমরা যেন দ্রুত কমিয়ে আনতে পারি সে বিষয়ে সকল শাখার সহযোগিতা কামনা করেন;(মোছাঃ আয়শা খাতুন, উর্দ্ধতন কর্মকর্তা)

গ) বিকেবি, মুলঘর শাখার সম্মানীত ঋণ গ্রহীতা জনাব মোঃ আকতার মন্ডল নেপাল বলেন শাখার ঋণ বিতরণের কার্যক্রম ভাল। শাখার সকল কর্মকর্তা গ্রাহকদের দ্রুত সেবা দিচ্ছেন। ঋণ গ্রহীতাদের সাথে ব্যাংক থেকে সব সময় তদারকি করলে ভাল হয়। গ্রাহক সেবা পেতে এখানে কোন সমস্যার সম্মুখীন হতে হয় না। শাখার সার্বিক কার্যক্রম ও পরিবেশ ভাল; এবং

ঘ) বিকেবি, মুলঘর শাখার ব্যবস্থাপক জনাব মোঃ জিল্লুর রহমান জানান সিআইবি ডাটাবেইজে সকল ঋণের তথ্য সংযুক্ত করা হলে ঋণ আদায়ের জন্য সহায়ক ভূমিকা রাখবে।

২৯/০৯/২২
মোছাঃ আয়শা খাতুন
সদস্য, আঞ্চলিক নৈতিকতা কমিটি
ও
উর্ধ্বতন কর্মকর্তা

২৯/০৯/২২
মোঃ আকবর আলী বিশ্বাস
সদস্য, আঞ্চলিক নৈতিকতা কমিটি
ও
কর্মকর্তা

২৯.০৯.২০২২
চিরঞ্জিত সরকার
সদস্য, আঞ্চলিক নৈতিকতা কমিটি
ও
কর্মকর্তা

২৯/০৯/২২
মোঃ হাফিজুর রহমান
সদস্য সচিব আঞ্চলিক নৈতিকতা কমিটি
ও
মুখ্য কর্মকতা

২৯/০৯/২০২২
মোশারফ হোসেন
আহ্বায়ক, আঞ্চলিক নৈতিকতা কমিটি
ও
মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক (দায়িত্বে)

সদয় জ্ঞাতার্থে অনুলিপি প্রেরণ করা হলো ঃ

০১। চীফ ষ্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। ষ্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-০১ ও ০২ মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। ষ্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর (প্রশাসন মহাবিভাগ), বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। ষ্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, বিভাগীয় কার্যালয়, ফরিদপুর।
০৫। উপ-মহাব্যবস্থাপক, শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০৬। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, ফরিদপুর।
০৭। আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, রাজবাড়ী।
০৮। সকল শাখা ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক, রাজবাড়ী মুখ্য অঞ্চল, রাজবাড়ী।
০৯। অফিস নথি।